দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 MAY 1998
পৃষ্ঠা ৭ কলাম ৭

6

# শিক্ষামন্ত্রীর বিস্ময়

শিক্ষামন্ত্রী এ, এস, এইচ কে সাদেক গত ৭ মে তারিখের সংবাদপত্রে প্রকাশিত বুয়েটের ভিসি ডঃ ইকবাল মাহমুদ ও শিক্ষক সমিতির সাক্ষাৎকার ও বিবৃতিতে বিস্ময় প্রকাশ করিয়াছেন। গতকাল

(১৫শ পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রীর বিস্ময়

*(প্রথম পৃঃ পর)*

(শুক্রবার) এক বিবৃতিতে শিক্ষামন্ত্রী বলেন, সম্পূর্ণ বিষয় বহির্ভূতভাবে তাহার বক্তব্যকে ব্যবহার করা হইয়াছে। তিনি বলেন, ৫মে শিক্ষা মন্ত্রণালয়ে তাঁহার সাংবাদিক সম্মেলনে তিনি কখনই একথা বলেন নাই, যে, সকল শিক্ষকই রাজনৈতিক দলের সহিত সংশ্লিষ্ট। বরং একটি সংবাদপত্রের প্রতিনিধি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভিসির পদত্যাগের ঘটনায় কোন রাজনীতি আছে কিনা প্রশ্ন করা হইলে তিনি বলিয়াছিলেন, ভিসি ডঃ ইকবাল মাহমুদ রাজনৈতিক উদ্দেশ্যে পদত্যাগ করিয়াছেন এমন কোন প্রমাণ নাই। সুতরাং এরূপ মন্তব্য করা ঠিক হইবে না। তবে এটা ঠিক যে, তিনি জেনারেল জিয়াউর রহমানের মন্ত্রিসভার সদস্য ছিলেন এবং জানিয়া-শুনিয়াই তাহাকে ভিসি করা হয়। কারণ শিক্ষকদের মধ্যে তিনি ছিলেন জ্যেষ্ঠ। শিক্ষামন্ত্রী বিবৃতিতে আরো বলেন, 'প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সমগ্র ঘটনাটিতে কোন রাজনৈতিক উদ্দেশ্য আছে কিনা সংবাদপত্রের প্রতিনিধির অপর আরেকটি প্রশ্নের জবাবে বলা হইয়াছিল, বিরোধী দলের নেত্রী যেভাবে বিষয়টিতে বিবৃতি দিয়াছেন তাহা অসম্ভব নাও হইতে পারে।'

শিক্ষামন্ত্রী বিবৃতিতে আশা করেন যে, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মত একটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক, সকল ছাত্র এবং প্রতিষ্ঠানের স্বার্থে যুক্তি ও মানবিকতার দিক লক্ষ্য রাখিয়া আপস ও সমঝোতার মাধ্যমে বর্তমান অবস্থার নিরসন হইবে।-তথ্য বিবরণী